**Lang. Code : 04**

इस पुस्तिका में **20** पृष्ठ हैं ।
This booklet contains **20** pages.

# AAT-20-I

**प्रश्न-पत्र I /PAPER I**

**बंगला भाषा परिशिष्ट**

**Bangla Language Supplement**

**भाग IV & V / PART IV & V**

**परीक्षा पुस्तिका संकेत**
**Test Booklet Code**

**I**

**परीक्षा पुस्तिका संख्या**
**Test Booklet No.**

**इस परीक्षा पुस्तिका को तब तक न खोलें जब तक कहा न जाए ।**
**Do not open this Test Booklet until you are asked to do so.**
**इस परीक्षा पुस्तिका के पिछले आवरण (पृष्ठ 19 व 20)पर दिए निर्देशों को ध्यान से पढ़ें ।**
**Read carefully the Instructions on the Back Cover (Page 19 & 20) of this Test Booklet.**

**बंगला में निर्देशों के लिए इस पुस्तिका का पृष्ठ 2 देखें । / For instructions in Bangla see Page 2 of this Booklet.**

## परीक्षार्थियों के लिए निर्देश

1. यह पुस्तिका मुख्य परीक्षा पुस्तिका की एक परिशिष्ट है, उन परीक्षार्थियों के लिए जो या तो भाग IV (भाषा I) **या** भाग V (भाषा II) **बंगला** भाषा में देना चाहते हैं, लेकिन **दोनों नहीं** ।
2. परीक्षार्थी भाग I, II, III के उत्तर मुख्य परीक्षा पुस्तिका से दें और भाग IV व V के उत्तर उनके द्वारा चुनी भाषाओं से ।
3. अंग्रेज़ी व हिन्दी भाषा पर प्रश्न मुख्य परीक्षा पुस्तिका में भाग IV व भाग V के अन्तर्गत दिए गए हैं । भाषा परिशिष्टों को आप अलग से माँग सकते हैं ।
4. इस पृष्ठ पर विवरण अंकित करने एवं उत्तर पत्र पर निशान लगाने के लिए **केवल काले/नीले बॉल पॉइंट पेन** का प्रयोग करें ।
5. इस भाषा पुस्तिका का **संकेत** है **I** । यह सुनिश्चित कर लें कि इस भाषा परिशिष्ट पुस्तिका का संकेत, उत्तर पत्र के **पृष्ठ**-2 एवं मुख्य परीक्षा पुस्तिका पर छपे संकेत से मिलता है । अगर यह भिन्न हो तो परीक्षार्थी दूसरी भाषा परिशिष्ट परीक्षा पुस्तिका लेने के लिए निरीक्षक को तुरन्त अवगत कराएँ ।
6. इस परीक्षा पुस्तिका में **दो** भाग IV और V हैं, जिनमें **60** वस्तुनिष्ठ प्रश्न हैं, जो प्रत्येक 1 अंक का है :
   भाग-IV : भाषा I - (बंगला) (प्र. 91 से प्र. 120)
   भाग-V : भाषा II - (बंगला) (प्र. 121 से प्र. 150)
7. भाग-IV में भाषा-I के लिए 30 प्रश्न और भाग-V में भाषा-II के लिए 30 प्रश्न दिए गए हैं । इस परीक्षा पुस्तिका में केवल बंगला भाषा से संबंधित प्रश्न दिए गए हैं । **यदि भाषा-I और/या भाषा-II में आपके द्वारा चुनी गई भाषा(एँ) बंगला के अलावा है तो कृपया उस भाषा वाली परीक्षा पुस्तिका माँग लीजिए । जिन भाषाओं के प्रश्नों के उत्तर आप दे रहे हैं वह आवेदन पत्र में चुनी गई भाषाओं से अवश्य मेल खानी चाहिए ।**
8. **परीक्षार्थी भाग-V (भाषा-II) के लिए, भाषा सूची से ऐसी भाषा चुनें जो उनके द्वारा भाषा I (भाग-IV) में चुनी गई भाषा से भिन्न हो ।**
9. रफ कार्य परीक्षा पुस्तिका में इस प्रयोजन के लिए दी गई खाली जगह पर ही करें ।
10. सभी उत्तर केवल OMR उत्तर पत्र पर ही अंकित करें । अपने उत्तर ध्यानपूर्वक अंकित करें । उत्तर बदलने हेतु श्वेत रंजक का प्रयोग निषिद्ध है ।

## *INSTRUCTIONS FOR CANDIDATES*

1. This booklet is a supplement to the Main Test Booklet for those candidates who wish to answer **EITHER** Part IV (Language I) **OR** Part V (Language II) in **BANGLA** language, but **NOT BOTH**.
2. Candidates are required to answer Parts I, II, III from the Main Test Booklet and Parts IV and V from the languages chosen by them.
3. Questions on English and Hindi languages for Part IV and Part V have been given in the Main Test Booklet. Language Supplements can be asked for separately.
4. Use **Black/Blue Ball Point Pen only** for writing particulars on this page / marking responses in the Answer Sheet.
5. The CODE for this Language Booklet is **I**. Make sure that the CODE printed on **Side-2** of the Answer Sheet and on your Main Test Booklet is the same as that on this Language Supplement Test Booklet. In case of discrepancy, the candidate should immediately report the matter to the Invigilator for replacement of the Language Supplement Test Booklet.
6. This Test Booklet has **two** Parts, IV and V, consisting of **60** Objective Type Questions, each carrying 1 mark :
   Part-IV : Language I - (Bangla) (Q. 91 to Q. 120)
   Part-V : Language II - (Bangla) (Q. 121 to Q. 150)
7. Part-IV contains 30 questions for Language-I and Part-V contains 30 questions for Language-II. In this Test Booklet, only questions pertaining to Bangla language have been given. **In case the language/s you have opted for as Language-I and/or Language-II is a Language other than Bangla, please ask for a Test Booklet that contains questions on that language. The language being answered must tally with the languages opted for in your Application Form.**
8. **Candidates are required to attempt questions in Part -V (Language-II) in a language other than the one chosen as Language-I (in Part-IV) from the list of languages.**
9. Rough work should be done only in the space provided in the Test Booklet for the same.
10. The answers are to be recorded on the OMR Answer Sheet only. Mark your responses carefully. No whitener is allowed for changing answers.

परीक्षार्थी का नाम (बड़े अक्षरों में) : ____________________
Name of the Candidate (in Capitals) :
अनुक्रमांक : (अंकों में) ____________________
Roll Number : in figures
: (शब्दों में) ____________________
: in words
परीक्षा केन्द्र (बड़े अक्षरों में) : ____________________
Centre of Examination (in Capitals) :
परीक्षार्थी के हस्ताक्षर : ____________ निरीक्षक के हस्ताक्षर : ____________
Candidate's Signature : Invigilator's Signature :
Facsimile signature stamp of
Centre Superintendent ____________________

**I**

**Lang. Code : 04**

বর্তমান পুস্তিকাটি 20 পৃষ্ঠা সমন্বিত

# AAT-20-I

**প্রশ্ন পত্র I**

## বাংলা ভাষা পরিশিষ্ট

**ভাগ IV & V**

**পরীক্ষা পুস্তিকা কোড**

**I**

**যতক্ষণ পর্যন্ত না বলা হবে, ততক্ষণ পর্যন্ত পরীক্ষা পুস্তিকাটি খুলবেন না ।**

**পরীক্ষা পুস্তিকাটির পিছনের আবরণীতে (পৃষ্ঠ 19 & 20) মুদ্রিত নির্দেশ গুলি মন দিয়ে পড়ুন ।**

***পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ :***

1. যে সব পরীক্ষার্থী **বাংলা** ভাষায় ভাগ IV (ভাষা I) (Part IV, Language I) **অথবা** ভাগ V (ভাষা II) (Part V, Language II) **- এর কিন্তু দুটিরই নয়** - উত্তর দিতে চান, তাঁদের জন্য এই পুস্তিকাটি মুখ্য পরীক্ষা পুস্তিকার একটি পরিশিষ্ট বিশেষ ।
2. পরীক্ষার্থীরা ভাগ I, II, III এর উত্তর মুখ্য পরীক্ষা পুস্তিকা থেকে দেবেন এবং ভাগ IV এবং V এর উত্তর তাদের নিজেদের নির্বাচিত ভাষার থেকে দেবেন ।
3. ইংরেজি এবং হিন্দি ভাষার উপর প্রশ্ন মুখ্য পরীক্ষা পুস্তিকার ভাগ IV এবং ভাগ V এ দেওয়া আছে । পরীক্ষার্থীরা আলাদা করে ভাষা-পরিষিষ্টগুলি (Language Supplements) চেয়ে নিতে পারেন ।
4. এই পৃষ্ঠার বিবরণ গুলি লেখার জন্য এবং উত্তর পত্রে উত্তর চিহ্নিত করণের জন্য **কেবলমাত্র নীল বল্ পয়েন্ট্ পেনই** ব্যবহার করতে হবে ।
5. বর্তমান ভাষা-পুস্তিকার (Language Booklet) কোড **I.** এই ভাষা পরিশিষ্ট পুস্তিকার কোড এবং উত্তর পত্রের দ্বিতীয় পৃষ্ঠায় মুদ্রিত কোড ও মুখ্য পরীক্ষা পুস্তিকার উপরে মুদ্রিত কোড একই কি না, পরীক্ষার্থীরা সেটা এবশ্যই নিশ্চিত হয়ে নেবেন । কোড এক না হলে পরীক্ষার্থী অবিলম্বে পরীক্ষা নিরীক্ষক (invigilator) - এর দৃষ্টি আকর্ষণ করবেন এবং তাকে ভাষা পরিশিষ্ট পরীক্ষা পুস্তিকাটি বদলে দিতে বলবেন ।
6. এই পরীক্ষা পুস্তিকাটি IV এবং V - এই দুই ভাগে বিন্যস্ত এবং এর মধ্যে **60**টি বস্তুনিষ্ঠ প্রশ্ন (Objective Type Questions) বর্তমান । প্রতিটি বস্তুনিষ্ঠ প্রশ্ন 1 নম্বরের :
   ভাগ IV : ভাষা I — (বাংলা) *(প্রশ্ন সংখ্যা : 91 থেকে 120)*
   ভাগ V : ভাষা II — (বাংলা) *(প্রশ্ন সংখ্যা : 121 থেকে 150)*
7. **ভাগ IV এ ভাষা I এর জন্য আছে 30টি প্রশ্ন এবং ভাগ V এ ভাষা II এর জন্য আছে 30টি প্রশ্ন । যদি ভাষা I এবং/অথবা ভাষা II এর জন্য আপনার নির্বাচিত ভাষাটি (গুলি) বাংলা না হয়ে জন্য কিছু হয় - তা হলে অনুগ্রহ করে আপনার নির্বাচিত ভাষার পরীক্ষা পুস্তিকা চেয়ে নিন । আপনি আপনার আবেদন পত্রে (Application Form) যে নির্বাচিত ভাষার উল্লেখ করেছেন, আপনাকে ঠিক সেই ভাষাতেই উত্তর লিখতে হবে ।**
8. **পরীক্ষার্থীদের ভাগ V (ভাষা II) এর প্রশ্নোত্তরের জন্য প্রদত্ত ভাষা-তালিকা থেকে এমন একটি ভাষা নির্বাচন করতে হবে - যা তার ভাষা I (ভাগ IV) এর জন্য নির্বাচিত ভাষা থেকে আলাদা । অর্থাৎ ভাষা I (ভাগ IV) এবং ভাগ V (ভাষা II) এর প্রশ্নোত্তরের জন্য একই ভাষা নির্বাচন চলবে না ।**
9. পরীক্ষা পুস্তিকায় পরীক্ষার্থীর নিজের কাজ (rough work) - এর জন্য নির্দিষ্ট খালি জায়গার মধ্যেই rough work করতে হবে ।
10. সব উত্তর (OMR) উত্তর-পত্রের মধ্যেই চিহ্নিত করতে হবে । উত্তর চিহ্নিত করণের কাজটি সাবধানতার সঙ্গে করতে হবে

পরীক্ষার্থীর নাম (ছাপার অক্ষরে) : ____________________

ক্রমিক সংখ্যা (সংখ্যায়) ____________________

: (অক্ষরে) ____________________

পরীক্ষা কেন্দ্র (ছাপার অক্ষরে) : ____________________

পরীক্ষার্থীর স্বাক্ষর : ____________________ পরীক্ষা নিরীক্ষকের স্বাক্ষর : ____________________

Facsimile signature stamp of
Centre Superintendent ____________________

যে-সব পরীক্ষার্থী বাংলা কে ভাষা-**I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই ভাগ-**IV (91 থেকে 120** নং প্রশ্ন) – এর উত্তর দেবেন

Candidates should attempt the questions from **Part-IV (Q.No. 91-120)**, if they have opted **BANGLA** as **LANGUAGE-I** only.

## Part – IV / ভাগ – IV
## Language – I / ভাষা – I
## Bangla / বাংলা

যে-সব পরীক্ষার্থী বাংলাকে **ভাষা-I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-IV (91 থেকে 120 নং প্রশ্ন)** – এর উত্তর দেবেন।

**নির্দেশ : নিম্নলিখিত গদ্যটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (91 থেকে 99 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন :**

মুকুল আর মানিক এক পাড়ার ছেলে, এক স্কুলে এক ক্লাসে পড়ত। এখনও পড়ছে ওরা দুটিতে একই কলেজে। স্কুল থেকেই ওরা 'মানিকজোড়' বলে পরিচিত। স্কুলের ছেলেরা মুকুলকে ডাকত 'দুসরামানিক' বলে। কলেজে অবশ্য সে নামটা চালু হয় নি, কারণ কলেজের ক্লাশে ওদের জোড় বেঁধে পাশাপাশি বসা আর সম্ভব নয়। ক্লাশ আলাদা বিষয় আলাদা। মানিকের আর্টস্, মুকুলের সায়েন্স। ক্লাশে পাশাপাশি বসতে না পারলেও, যাওয়া-আসা ওঠা-বসায় ওদের জুটি আজও অক্ষত আছে। মনে প্রাণে ওরা আজও মানিকজোড়।

প্রত্যেক বছরই পূজার ছুটিতে ওরা দুটিতে সারা বছরের জমানো টিফিনের পয়সায় একটা করে শর্ট ট্রিপ দিয়ে আসছে সেই ক্লাশ এইট থেকে। এভাবেই ওরা ইতিমধ্যে দিল্লি-আগ্রা, অজন্তা-ইলোরা রামেশ্বর-কন্যাকুমারী, শিলিগুড়ি-দার্জিলিং ভ্রমণ সমাপ্ত করেছে।

তখন ছিল স্কুলের ছাত্র, এখন ওরা কলেজ স্টুডেন্ট। এখন স্বাধীনতা বেড়েছে, একটু লায়েক-লায়েক ভাবও এসেছে। এবার আর মাত্র দেড়শো-দুশো টাকার শর্ট ট্রিপ নয়, এবার ওদের বাজেট পার হেড পাঁচশ। প্রোগ্রামও পুরো তিন সপ্তাহের। ওদের অভিভাবকরাও দেখেছেন, ওরা আর পাঁচটা ছেলের মতো সিনেমা রেস্টুরেন্ট ক্রিকেট ফুটবল ইত্যাদিতে টাকা খরচ না করে একমাত্র ভ্রমণ-নেশায় বছরে একবার মাত্র যে খরচটা করে সেটা সার্থক ব্যয়। ওরা ওদের বয়সী অনেকের চেয়ে অনেক বেশি জানে অনেক বেশি চিনেছে ভারতবর্ষকে। এবার তাই তাঁরাও ওদের পরিকল্পনা রূপায়ণে সাহায্য করেছেন, করেছেন ওদের বাজেটের ঘাটতি পূরণ।

এবারের পরিকল্পনা দেরাদুন-মুসৌরী-হৃষিকেশ-লছমনঝুলা হয়ে ফেরার পথে হরিদ্বারে এক সপ্তাহ হল্ট। হরিদ্বারকে কেন্দ্র করে চারিদিকে অনেক কিছু দেখবার আছে। পয়সায় কুলিয়ে গেলে গঙ্গোত্রী-যমুনেত্রীও সেরে আসবার ইচ্ছা আছে।

কথা হয়েছে, হাওড়া থেকে ডুন্ এক্সপ্রেসে রওনা হয়ে ওরা সরাসরি যাবে দেরাদুন। দেরাদুনকে কেন্দ্র করে মুসৌরী, সহস্রধারা ইত্যাদি সেরে ওরা যোগাযোগ করবে টুরিস্ট অফিসের সঙ্গে। তাদের সঙ্গে পরামর্শ করে ওদের পরবর্তী প্রোগ্রামের রুট-চার্ট করে নেবে।

**91.** **ক্লাস এইট থেকে কলেজে ভর্তি হওয়ার আগে পর্যন্ত তারা কয়বার ভ্রমণে গিয়েছে ?**

(1) পাঁচ (2) ছয়

(3) আট (4) চার

**92.** **ভ্রমণের নেশা থাকায় মুকুল ও মানিকের কী লাভ হয়েছে বলে অভিভাবকেরা মনে করেন ?**

(1) তাদের সিনেমা দেখা কমে গিয়েছে।

(2) তারা সঞ্চয় করা শিখছে।

(3) তারা সমবয়সীদের তুলনায় দেশকে অনেক বেশি চিনেছে।

(4) তাদের খেলার নেশা কমে গিয়েছে।

**93.** **কলেজে ওঠার পর মুকুল ও মানিকের তিনসপ্তাহের ভ্রমণ পরিকল্পনা অনুযায়ী দ্রষ্টব্য স্থানগুলির সঠিক ক্রমটি নীচের চারটির কোনটি ?**

(1) হরিদ্বার - ঋষিকেশ - গঙ্গোত্রী - দেরাদুন

(2) দেরাদুন - মুসৌরী - হরিদ্বার - গঙ্গোত্রী

(3) ঋষিকেশ - দেরাদুন - হরিদ্বার - গঙ্গোত্রী

(4) গঙ্গোত্রী - দেরাদুন - হরিদ্বার - ঋষিকেশ

**94.** **'স্বাধীনতা' শব্দটির সন্ধিবিচ্ছেদ করলে হবে -**

(1) স্ব + অধীনতা

(2) স্বা + ধীনতা

(3) সু + অধীনতা

(4) স্বাধ + ঈনতা

**95.** **'মানিক জোড়' শব্দটি কোন পদ ?**

(1) বিশেষ্য

(2) সর্বনাম

(3) অব্যয়

(4) ক্রিয়া

**96.** **'ব্যয়' - এর বিপরীত শব্দ কোনটি ?**

(1) ব্যয়ী

(2) আয়

(3) আয়ী

(4) অব্যয়

**97.** **"পয়সায় কুলিয়ে গেলে গঙ্গোত্রী-যমুনেত্রীও সেরে আসবার ইচ্ছে আছে" — বাক্যটিকে নঞর্থক বাক্যে রূপান্তরিত করলে সঠিক রূপটি কী হবে ?**

(1) পয়সায় কুলিয়ে গেলেও গঙ্গোত্রী-যমুনেত্রী সেরে আসবার ইচ্ছে নাই।

(2) পয়সায় না কুলোলে গঙ্গোত্রী-যমুনেত্রী যাওয়ার ইচ্ছে নাই।

(3) পয়সায় না কুলোলেও গঙ্গোত্রী-যমুনেত্রী সেরে আসবার ইচ্ছে আছে।

(4) পয়সায় কুলিয়ে গেলে গঙ্গোত্রী-যমুনেত্রীও ছেড়ে আসবার ইচ্ছে নাই।

**98.** **স্কুলে মুকুলকে সবাই 'দুসরা মানিক' বলত কেন ?**

(1) মানিক জোড় এর একজনের নাম মানিক বলে অপরজনকে দুসরা মানিক বলত।

(2) দুজনের নামই মানিক ছিল বলে।

(3) মুকুলের মানিক নামটা নিজের নামের চেয়ে বেশি পছন্দ বলে।

(4) মুকুলের নিজের নামটা পছন্দ ছিল না বলে।

99. কলেজে গিয়ে কে বিজ্ঞান বিভাগে ভর্তি হল ?

(1) দুজনেই

(2) মানিক

(3) মুকুল

(4) দুজনের কেউই না

নির্দেশ :

**নিম্নলিখিত কবিতাটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (100 থেকে 105 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

টুপ টুপ টুপ হাসির ফোঁটা ফুল-শিউলির পাড়ায়,
হাত বাড়াতে গেলে অম্‌নি দুঃখ এসে দাঁড়ায়।
বুক টনটন করে তখন বুক টনটন করে,
চোখের কোলে টুপ টুপ টুপ কান্না ঝরে পড়ে।
শিউলিপাড়া ভাগ হয়েছে, মধ্যিখানে আঁধার –
সেই আঁধারে কে দিয়েছে পাঁচিল তুলে বাধার !
এপার থেকে গৌরী ডাকে ঃ ও আমিনা সখি,
কোথায় আছো, তেম্‌নি করে কোঁচড় ভরেছো কি ?
নীলদরিয়ায় মেঘ-পানসি ভেসে পড়ছে দেখে,
রহিমভাই গলা ভাঙছে রামকে ডেকে ডেকে।
এপার থেকে ডাক দিলে পাই ওপার থেকে সাড়া,
প্রাণ মেলাবো, গান মেলাবো, দুঃখ সরে দাঁড়া।
বাঙলাভাষার ভালোবাসার আলোর সেতু বাঁধার
কাজ চলছে, দূরে পালায় ঘুরঘুট্টি আঁধার।
টুপ টুপ টুপ শিউলি ঝরে ফুল-শিউলি পাড়ায় –
হাত বাড়ালে এপার থেকে, ওপার হাত বাড়ায় ।।

100. কবিতাটিতে কী হারানোর দুঃখে কবির মন ভারাক্রান্ত ?

(1) জমি

(2) বাড়ি

(3) খেলার সাথী

(4) বাঙলা ভাষা

101. দুঃখের এই অন্ধকার কীভাবে দূর হবে বলে কবি মনে করছেন ?

(1) বাংলা ভাষার মাধ্যমে ভালবাসার সেতু নির্মান করে।

(2) বন্ধুকে মন থেকে মুছে দিয়ে।

(3) পাঁচিল তুলে দিয়ে বন্ধুর সাথে দেখা সাক্ষাৎ বন্ধ করলে।

(4) এপার বাংলার শিউলি ফুল কুড়োলে।

102. কবিতাটিতে কাদের বন্ধুত্বের উল্লেখ রয়েছে ?

(1) একজন সখী ও একজন সখার

(2) দুইজন সখী ও দুইজন সখার

(3) দুইজন সখীর

(4) দুইজন সখার

103. নীচের কোন শব্দটির অর্থ নৌকা ?

(1) পানসি (2) দরিয়া

(3) কোঁচড় (4) ঘুরঘুট্টি

104. "সেই আঁধারে কে দিয়েছে পাঁচিল তুলে বাঁধার" – পংক্তিটিকে গদ্যের সঠিক ক্রম অনুযায়ী লিখলে কোনটি সঠিক ক্রম হবে ?

(1) সেই - আঁধারে - কে - তুলে - দিয়েছে বাঁধার পাঁচিল

(2) কে তুলে দিয়েছে বাঁধার পাঁচিল সেই আঁধারে

(3) সেই আঁধারে কে বাঁধার পাঁচিল তুলে দিয়েছে

(4) সেই বাঁধার আঁধারে পাঁচিল তুলে কে দিয়েছে

105. কবিতাটির মূল বিষয় কী ?

(1) শরৎকাল

(2) বন্ধুবিচ্ছেদ

(3) বাঙলা ভাষা

(4) দেশভাগ

নির্দেশ :

নিম্নলিখিত প্রশ্নগুলির (প্রশ্ন নং 106 থেকে 120) সর্বাপেক্ষা সঠিক উত্তর নির্বাচন করুন ।

106. ব্যাকরণ শিক্ষণে নীচের কোনটি সর্বাপেক্ষা কার্যকরী পদ্ধতি ?

(1) উদাহরণের সাহায্যে ব্যাকরণগত নিয়মাবলী শিক্ষণ ।

(2) পাঠ্যবিষয় অনুবাদের সময় ব্যাকরণের নিয়মাবলী শিক্ষণ ।

(3) একটি বিশেষ ব্যাকরণ বই ব্যবহার করে ব্যাকরণ শিক্ষণ ।

(4) ব্যাকরণ গত নিয়মাবলী বোঝানোর সময় প্রসঙ্গক্রমে ব্যাকরণ শিক্ষণ ।

107. "সামাজিক ভাববিনিময়" সম্পর্কিত ধারণা কার সাথে সম্পর্কিত ?

(1) পাণিণি

(2) স্কীনার

(3) ভাইগোৎস্কি

(4) কোহ্লবার্গ

108. ভাষা অর্জনে নীচের কোন বস্তুটি শিশুদের সাহায্য করে ?

(1) ঘরোয়া পরিবেশ যেখানে শিশুটিকে বেশি কথা বলতে দেওয়া হয় না ।

(2) ঘরের এবং পার্শ্ববর্তী অঞ্চলের বয়স্কদের কথাবার্তা শুনিয়ে ।

(3) শিশুদের সঠিক উচ্চারণ/বাক্য পুনরাবৃত্তি করিয়ে ।

(4) অন্য শিশুদের সাথে খেলাধূলা করে ।

109. শিশুরা স্বাভাবিকভাবে ভাষা অর্জন করে যদি তার সামনে তুলে ধরা হয় -

(1) একই সময়ে কেবল একটি ভাষা ।

(2) নিকটবর্তী পরিবেশে ব্যবহৃত একাধিক ভাষা ।

(3) সম্পূর্ণরূপে ইলেকট্রনিক এবং মুদ্রন মাধ্যম ।

(4) সেই ভাষার বাক্যরণগত গঠনশৈলী ।

**110.** একটি পাঠ্যবিষয় পাঠের সময় নীচের কোনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ?

(1) পাঠ্য বিষয়ের প্রতিটি শব্দ পাঠ করা।

(2) বিরামচিহ্নের উপর বিশেষ জোর দেওয়া (focus)।

(3) লিখিত পাঠের (written text) অর্থোদ্ধার করা।

(4) সঠিক উচ্চারণের সাথে সরব পাঠ (reading aloud)।

**111.** নীচের কোনটি ভাষা শিক্ষণের উদ্দেশ্য নয় ?

(1) বোধগম্যতার (comprehension) সাথে পাঠের যোগ্যতা।

(2) ধারণার প্রকাশে বিশেষ সচেষ্ট হওয়া।

(3) তারা যা শুনছে তা বোঝার দক্ষতা অর্জন।

(4) সঙ্গতিপূর্ণ লিখনের (Coherent writing) বিকাশ।

**112.** শাব্দিক সচেতনতা **(Phonological awareness)** কীসের সাথে বিশেষ ভাবে সংযুক্ত **(Correlated)** ?

(1) শ্রবণ দক্ষতা (Listening ability)

(2) বাচন দক্ষতা (Speaking ability)

(3) পঠন দক্ষতা (Reading ability)

(4) লিখন দক্ষতা (Writing ability)

**113.** নোয়াম চম্‌স্কি বিশ্বাস করেন যে শিশুরা ভাষার ক্ষেত্র জন্মগত যোগ্যতার **(innate competence)** অধিকারী হয়। এটিকে কী বলা হয় ?

(1) আত্তিকরণ (Acquisition)

(2) অনুকরণ (imitation)

(3) রূপান্তরিতকরণ (transformation)

(4) ভাষান্তরিতকরণ (translation)

**114.** ভাষাগত দক্ষতা **(Language Skills)** কীসের মাধ্যমে শেখানো উচিত ?

(1) অনুকরণের মাধ্যমে (through imitation)

(2) বিচ্ছিন্নকরণের মাধ্যমে (in isolation)

(3) বিস্তৃত বর্ণনার মাধ্যমে (through detailed explanation)

(4) একটি সংহত উপায়ে (in an integrated manner)

**115.** একজন শিক্ষক প্রাথমিক পর্যায়ে শিশুদের আঁকতে এবং রং করতে উৎসাহিত করেন। এই কার্যের মাধ্যমে তিনি কী করেন ?

(1) ক্লাশের নীরবতা বজায় রাখার জন্য শিশুদের ব্যস্ত রাখেন।

(2) শিশুদের সূক্ষ্ম চালিকা শক্তির (fine motor skill) বিকাশ ঘটান।

(3) সম্ভাবিত শিশু শিল্পীদের সুযোগ করে দেন।

(4) সাধারণভাবে শিশুদের কর্মে ব্যস্ত রাখেন।

116. নীচের কোন অভ্যাসটি বাচিক ভাষা দক্ষতার **(oral language skill)** বিকাশে সর্বাধিক সহায়ক ?

(1) কবিতা আবৃত্তি করা - ব্যক্তিগতভাবে এবং দলগতভাবে।

(2) চরিত্রাভিনয়ে অংশগ্রহণ করা (role play)

(3) শিক্ষকের সাথে সাথে পাঠ্যপুস্তকের একটি অধ্যায়ের দলগত পাঠ।

(4) শিক্ষকের সাথে সাথে শব্দগুলির সঠিক উচ্চারণ অভ্যাস করা।

117. তৃতীয় শ্রেণীর একজন শিক্ষক শিক্ষার্থীদের প্রদত্ত একটি গল্পের ঘটনাগুলি সঠিক ক্রমানুসারে গল্পে যেভাবে বর্ণিত হয়েছে সেভাবে সাজাতে বললেন। এই কার্যটি কোন বিষয়ের সহায়ক ?

(1) বোধ পরীক্ষণ (reading comprehension)

(2) বোধগম্য জ্ঞান অর্জন (comprehensible input)

(3) লিখন দক্ষতার মান উন্নয়ন (enhancing their writing skills)

(4) শিক্ষার্থীদের কথা বলার সময়সীমা বাড়ানো (maximising students talking time)

118. দ্বিতীয় শ্রেণীর একজন শিক্ষক শ্রেণীকক্ষের বস্তুগুলিতে নাম লিখে লেবেল লাগিয়ে দিলেন যা শিক্ষার্থীকে প্রকৃত বস্তুর সাথে লিখিত শব্দের যোগস্থাপনে সাহায্য করবে। এই ধরণের কার্যপ্রণালী শিক্ষার্থীকে কোন বিষয়ে সমৃদ্ধ করবে ?

(1) ব্যাকরণ (Grammar)

(2) লিখন দক্ষতা (Writing skill)

(3) শব্দ ভান্ডার (Vocabulary)

(4) হাতের লেখা (hand writing)

119. শিশুর ভাষাগত দক্ষতার মূল্যায়নে নীচের কোনটি কম কার্যকরী ?

(1) গল্প বলা (Story telling)

(2) গল্প লেখা (Story writing)

(3) একটি ঘটনার বর্ণনা দেওয়া (Describing an incident)

(4) শ্রুতি লিখন (Dictation)

120. শিক্ষার্থীর ভাষাগত যোগ্যতার মান উন্নয়নে নীচের কোন প্রশ্নটি সর্বাপেক্ষা সহায়ক ?

(1) তোমার প্রিয় গ্রন্থগুলির মধ্যে একটির নাম বলো।

(2) 'পছন্দ' শব্দটি দিয়ে একটি বাক্য রচনা কর।

(3) তোমার ও তোমার মায়ের কথোপকথনের একটি উক্তি লেখো।

(4) তোমার পড়া একটি কবিতার কবির নাম লেখো।

যে-সব পরীক্ষার্থী বাংলা কে ভাষা-**II** হিসাবে নির্বাচিত করেছেন**,** তারা অবশ্যই ভাগ-**V (121** থেকে **150** নং প্রশ্ন**)** – এর উত্তর দেবেন

Candidates should attempt the questions from **Part-V (Q.No. 121-150)**, if they have opted **BANGLA** as **LANGUAGE-II** only.

## Part – V / ভাগ – V
## Language – II / ভাষা – II
## Bangla / বাংলা

যে-সব পরীক্ষার্থী **বাংলা** কে **ভাষা-II** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-V (121 থেকে 150 নং প্রশ্ন)** – এর উত্তর দেবেন

**নির্দেশ : নিম্নলিখিত গদ্যটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (121 থেকে 128 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

সকালবেলা ঘুম ভাঙার পরই মনে হলো, আঃ কী সুন্দর এই জীবন !

জানলা দিয়ে রোদ এসে পড়েছে, যেন ঠিক গলানো সোনা। বাতাসে একটু একটু শীত। আকাশ একেবারে ঝকঝকে নীল। জানলা দিয়েই দেখা যায়, বাগানে ফুটে আছে পাঁচ রকম রঙের গোলাপ ফুল।

একটা চাদর জড়িয়ে বাইরে এসে দেখি, বিশ্বমামা আর বিলুদা চা খাচ্ছে। আমার আগেই ওরা উঠে পড়েছে ? আমার আফশোস হলো। আমার চেয়ে ওরা বেশিক্ষণ দেখতে পাবে সকালটা। এমন সুন্দর সকালে ঘুমোবার কোনো মানে হয় ?

আমি বিশ্বমামাকে বললুম, - আমায় কেন ডেকে দাওনি ?

বিশ্বমামা বললেন, – তোকে তিনবার ডেকেছি। তুই শুধু উঁ উঁ শব্দ করে এপাশ ওপাশ করেছিস।

বিলুদা বললো, – বাছা কুম্ভকর্ণ।

বিশ্বমামা বললেন, – এক্ষুনি তৈরি হয়ে নে, নীলু। আমরা নদীর ধারে বেড়াতে যাবো। তারপর সেখান থেকে ধারাগিরি পাহাড়ে। সারাদিন ফিরবো না।

ঘাটশিলা জায়গাটায় সুবর্ণরেখা নদীর ধারটাই আমার বেশি ভালো লাগে। সাত বছর আগে, তখন আমার বয়েসও ছিল সাত বছর, বাবা-মায়ের সঙ্গে একবার বেড়াতে এসেছিলাম এখানে। সেবারে আমি নদীর ধারে বালি নিয়ে খেলা করতে করতে ঘুমিয়ে পড়েছিলাম একসময়। বাবা-মা খেয়াল করেন নি, বাড়ি চলে এসেছিলেন, তারপর সন্ধেবেলা নদীতে ভাসতে ভাসতে আমি স্বর্গের মতন একটা জায়গায় চলে এসেছি, সেখানে কী সুন্দর গন্ধ !

সেই সাত বছর বয়েসের কত কথা ভুলে গেছি, কিন্তু সেই নদীর ধারে ঘুমিয়ে পড়া আর স্বপ্নটার কথা ঠিক মনে আছে।

একটু বাদে আমরা বেরিয়ে পড়লুম তিনজনে।

বিশ্বমামা অন্য দিন যে-কোনো রাস্তায় যেতে যেতে গাছ-পালা, পশু-পাখি, পাথর সম্বন্ধে কত রকম বৈজ্ঞানিক ব্যাখ্যা শোনান। আজ তাঁর ওদিকে মন নেই। আজ গুন গুন করে গান গাইছেন আপন মনে।

এই নদীর ধারে অনেকে পিকনিক করতে আসে। কিন্তু আজ এখন মানুষজন বিশেষ নেই। পাতলা পাতলা বাতাস আর হালকা রোদের একটা খেলা চলছে। দূরের ছোট ছোট পাহাড় – মনে হয় যেন আকাশের গায়ে পেন্সিলে আঁকা। এক ঝাঁক সাদা বক উড়ে গেল নদীর এপার থেকে ওপারে।

একজন বুড়ো মতন লোক কোমর পর্যন্ত জলে নেমে একটা গামছা দিয়ে জল আর বালি তুলে ছাঁকছে। আমরা যে পাশ দিয়ে হেঁটে যাচ্ছি, তা সে লক্ষ্যও করছে না।

121. লেখকের আফশোস হলো কেন ?

(1) শীতের জায়গায় ঘুরতে আসার জন্য।

(2) চাদর না নিয়ে বেড়াতে আসার জন্য।

(3) চা না খেতে পাওয়ার জন্য।

(4) ঘুম থেকে দেরী করে ওঠার জন্য।

122. সাত বছর বয়সে নদীর ধারে ঘুমিয়ে পড়ে লেখক কী স্বপ্ন দেখেছিলেন ?

(1) নদীতে ভাসতে ভাসতে তিনি স্বর্গের মতন এক জায়গায় পৌঁছে গেছেন।

(2) বাবা মায়ের হাত ধরে নদীর পাড়ে ঘুরছেন।

(3) নদীর ধারে বালি নিয়ে খেলা করছেন।

(4) বাবা মা তাঁকে নদীতে ফেলে দিয়েছেন।

123. কোন দৃশ্যটি দেখে লেখকের পেন্সিলে আঁকা মনে হয়েছে ?

(1) হালকা রোদের খেলা দেখে।

(2) দূরের ছোট ছোট পাহাড় দেখে।

(3) কোমর অবধি জলে ডোবা বুড়োটিকে দেখে।

(4) এক ঝাঁক সাদা বক উড়ে যেতে দেখে।

124. গদ্যাংশটিতে কোন নদীর উল্লেখ রয়েছে ?

(1) ঘাটশিলা

(2) কুম্ভকর্ণ

(3) সুবর্ণরেখা

(4) ধারাগিরি

125. "তারপর সন্ধ্যেবেলা নদীতে ভাসতে ভাসতে আমি স্বর্গের মতন একটা জায়গায় চলে এসেছি।" — বাক্যটিকে সাধুভাষায় পরিবর্তিত করলে - সঠিক রূপ কোনটি হবে ?

(1) তাহারপর সন্ধেবেলা নদীতে ভাসিতে ভাসিতে আমি স্বর্গের মতন একটা জায়গায় চলে এসেছি।

(2) তাহার পর সন্ধেবেলা নদীতে ভাসিতে ভাসিতে আমি স্বর্গের মতন একটি জায়গায় চলিয়া আসিয়াছি।

(3) তারপর সন্ধেবেলা নদীতে ভাসতে ভাসতে আমি স্বর্গের মতন একটা জায়গায় চলিয়া আসিয়াছি।

(4) তারপর সন্ধেবেলা নদীতে ভাসিতে ভাসিতে আমি স্বর্গের মতন একটা জায়গায় চলিয়া এসেছি।

126. "আঃ কী সুন্দর এই জীবন" — এটি কোন শ্রেণীর বাক্য ?

(1) অনুজ্ঞা সূচক (2) প্রশ্নবোধক

(3) নঞর্থক (4) বিস্ময়সূচক

127. প্রদত্ত গদ্যাংশটিতে বর্ণিত চারটি ঘটনার উল্লেখ করা হল। বর্ণিত ঘটনাক্রম অনুযায়ী সঠিক ক্রম কোনটি ?

A. সুবর্ণরেখা নদীর ধারে ভ্রমণ।

B. বুড়োটির পাশ দিয়ে হেঁটে যাওয়া।

C. বিশ্বমামা আর বিলুদার চা খাওয়া।

D. সাতবছর বয়সের স্মৃতিচারণ

(1) C D A B

(2) A C B D

(3) D A B C

(4) B D C A

128. প্রদত্ত গদ্যাংশটিতে গলানো সোনার সাথে কীসের তুলনা করা হয়েছে ?

(1) জীবন (2) আকাশ

(3) রোদ (4) ফুল

**নির্দেশ ঃ নিম্নলিখিত গদ্যটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (129 থেকে 135 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

দুটো খারাপ ঘটনার কথা বলি।

এই দুই ঘটনার পিছনে কোনও দুঘটনা, কোনও প্রাকৃতিক বিপর্যয় নেই। আছে ভয়ঙ্কর এক ব্যাধি। মারণব্যাধি। সেই মৃত্যু শুধু জীবনের নয়, প্রকৃতির নয়, সেই মৃত্যু শিক্ষা, চেতনা, মূল্যবোধ এবং মানবিকতার। এই ব্যাধি যদি আটকানো না যায়, সমাজকে, সভ্যতাকে অনেক বড় খেসারত দিতে হবে। ইতিমধ্যে দিতে হচ্ছেও।

ভয়ঙ্কর তথ্যটি হল, এই মারণব্যাধিতে গোটা বিশ্বে আমাদের দেশ সবথেকে বেশি আক্রান্ত। সরকারি হিসেব যাই হোক না কেন, বেসরকারি তথ্য বলছে, গত কয়েক বছরে এই ব্যাধিতে মৃত্যু হাজার ছাড়িয়েছে। আহতের সংখ্যা অনেক বেশি। আর মুল্যবোধ, মানবিকতার ক্ষয় ? সে তো সংখ্যা দিয়ে মাপা যায় না, তাই সে হিসেব উহ্য রাখছি।

এবার ঘটনার কথা বলি।

কদিন আগে দামোদরের চরে ছাত্রছাত্রীদের নিয়ে পিকনিকে গিয়েছিলেন শিক্ষক। সবার চোখের আড়ালে দুজন উঠে যায় রেলসেতুর ওপর। মোবাইল বাগিয়ে মনের আনন্দে, নানা ভঙ্গিমায় ফটো তুলতে থাকে। তুলতে তুলতে আত্মহারা হয়ে পড়ে। আত্মহারা ? নাকি দিগ্বিদিক জ্ঞানশূন্য ? কখন যে ট্রেন ঘাড়ের কাছে চলে আসে দেখতে পায় না, বুঝতেও পারে না বেচারিরা। এমনকী সেতু কাঁপানো আওয়াজও ঢোকে না কানে। ট্রেনের ধাক্কায় একজন মারা যায়, আর একজন হয় গুরুতর আহত। সে কেমন আছে জানি না। কামনা করি, দ্রুত সুস্থ হয়ে উঠুক।

দ্বিতীয় ঘটনাটি কিছুদিন আগের। জঙ্গল থেকে বেরিয়ে আসা হাতির সঙ্গে নিজের ছবি তুলতে গিয়ে, হাতির শুঁড় ও পায়ের কাছে চলে গেলেন এক গ্রামবাসী। হাতিটি সহজেই তাঁকে বাগে পায় এবং পিষে মারে।

ব্যাধির নাম 'সেলফি'। নিজের ফটো নিজে তুলব। নিজেকে নিজে দেখব। নিজের রূপে নিজে মজব। নিজের গুণ নিজে বিচার করব। শেষ হলে নিজেই সেই ফটো ছড়িয়ে দেব। সোশ্যাল মিডিয়ায় হাততালি কুড়োব। নিজস্বী নয়, আমি এই ব্যাধির নাম দিয়েছি 'নিধনস্বী'। নিজেকে, নিজের বিবেক বুদ্ধিকে, বোধকে নিধন করবার ব্যাধি। ব্যাধি তো নয়, প্রযুক্তি। এই প্রযুক্তিকে কুর্নিশ জানাতে হয়। ছোটবেলায় রচনা লিখতাম, বিজ্ঞান আশীর্বাদ না অভিশাপ ? লিখতাম, ব্যবহারের ওপর নির্ভর করে। আণবিক বোমা বানানো হবে, নাকি অভুক্তজনের মুখে অন্ন জোগাবে ? এখন বুঝি, ভুল লিখতাম। বিজ্ঞান সর্বদাই আশীর্বাদ। কেউ কেউ তাকে 'অভিশাপ' বানাতে যায়, শেষপর্যন্ত পারে না। মানুষের শুভবুদ্ধির কাছে হার মানতে হয়।

'নিধনস্বী'র নামের প্রযুক্তিটির সবটাই অভিশাপ।

**129.** রেলসেতুতে দাঁড়িয়ে মোবাইলে ফটো তুলতে গিয়ে দুজন ছাত্র/ছাত্রীর কী পরিণতি ঘটল ?

(1) একজন নিহত হয়, অপরজন আহত হয়।

(2) দুজনই নিহত হয়।

(3) দুজনই আহত হয়।

(4) দুজনেই নিরাপদে সুস্থ রয়েছে।

**130.** নীচের কোনটি 'সেলফি' তোলার উদ্দেশ্য নয় ?

(1) নিজের ফটো নিজে তোলা

(2) নিজের রূপে মজে সেই ফটো ছড়িয়ে দেওয়া।

(3) সোশ্যাল মিডিয়ায় হাততালি কুড়নো

(4) প্রাকৃতিক দৃশ্যের ফটো তোলা

**131.** নীচের কোন শব্দ-জোড়টি বিপরীত অর্থ প্রকাশ করে ?

(1) নিজস্বী-নিধনস্বী

(2) আশীর্বাদ-অভিশাপ

(3) বিবেক-বুদ্ধি

(4) প্রযুক্তি-কুর্ণিশ

**132.** 'সেলফি' নামক ব্যাধিকে লেখকের নিধনস্বী নামে অভিহিত করার কারণ কী ?

(1) এটি নিজের প্রাণের নিধন করে।

(2) এটি নিজের বন্ধুর নিধন করে।

(3) এটি নিজের বিবেক বুদ্ধি নিধন করে।

(4) এটি নিজের পরিবেশের নিধন করে।

**133.** 'ভয়ঙ্কর' শব্দটির সন্ধিবিচ্ছেদ করলে সঠিক রূপ কোনটি হবে ?

(1) ভয় + ঙ্কর

(2) ভয়ঙ্ক + কর

(3) ভয় + আকর

(4) ভয়ম্ + কর

**134.** "হাতিটি সহজেই তাকে বাগে পায় এবং পিষে মারে" — বাক্যটিকে সরল বাক্য রূপান্তরিত করলে সঠিক রূপ কোনটি হবে ?

(1) হাতিটি যখন তাকে বাগে পায় তখন তাকে পিষে মারে।

(2) হাতিটি সহজেই তাকে বাগে পেয়ে পিষে মারে।

(3) যেহেতু হাতিটি তাকে বাগে পায় সেইহেতু তাকে পিষে মারে।

(4) হাতিটি সহজেই তাকে বাগে পায়, কিন্তু পিষে মারে।

**135.** 'সেলফি' ব্যাধিতে কীসের মৃত্যু হয় বলে লেখকের মনে হয়েছে ?

(1) শরীরের

(2) প্রকৃতির

(3) জীবনের

(4) মূল্যবোধ ও চেতনার

**নির্দেশ : নিম্নলিখিত প্রশ্নগুলির (প্রশ্ন নং 136 থেকে 150) সর্বাপেক্ষা সঠিক উত্তর নির্বাচন করুন।**

**136. শিশুর ভাষা অর্জনে নীচের কোন বিষয়টি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে ?**

(1) শিক্ষক (Teacher)

(2) পরিবার (Family)

(3) বিদ্যালয় (School)

(4) সংবাদ মাধ্যম (Media)

**137. কোন পদ্ধতির মূল কথা ব্যাকরণের নিয়মাবলী মুখস্থ করা ?**

(1) সাংগঠনিক আবেদন (Structural Approach)

(2) প্রত্যক্ষ পদ্ধতি (Direct Method)

(3) ব্যাকরণ অনুবাদ পদ্ধতি (Grammar Translation Method)

(4) স্বাভাবিক আবেদন (Natural Approach)

**138. নীচের কোনটি ভাষা শিখণের ক্ষেত্রে প্রয়োজনীয় নয় ?**

(1) প্রোৎসাহন (Motivation)

(2) আত্মবিশ্বাস (Self confidence)

(3) শিখনে বিশেষ ভঙ্গি (attitude towards learning)

(4) অনুবাদ (Translation)

**139. শিশুদের লেখা শেখানোর সময় একজন শিক্ষক হিসেবে তুমি কী করবে ?**

(1) শিশুদের ভাষার বর্ণমালা লিখতে বলা হবে।

(2) শিশুদের তাদের ভাবনা চিন্তা লেখার সুযোগ দেওয়া হবে।

(3) শিশুদের প্রথমে একটি অনুচ্ছেদ মুখস্ত করতে বলা হবে এবং তারপর সেই অনুচ্ছেদটি সুন্দর হাতের লেখায় লিখতে বলা হবে।

(4) শিশুদের ব্ল্যাকবোর্ড থেকে দেখে অক্ষরগুলি খাতায় লেখার সুযোগ দেওয়া হবে।

**140. শিক্ষার্থীর জন্য শিক্ষণ-শিখন উপাদান (Teaching Learning Material) বাছাই করার জন্য নীচের কোন বিষয়টি জরুরী ?**

(1) এটি নিকটবর্তী বাজারে সহজলব্ধ হওয়া উচিত।

(2) এটি অধিক মূল্যবান না হওয়া উচিত।

(3) এটি শিক্ষার্থীর নিজের হাতেই তৈরী হওয়া উচিত।

(4) এটি বিষয় সম্পৃক্ত (contextualised) এবং সংহত উপায়ে (integrated manner) ব্যবহারের উপযুক্ত হওয়া উচিত।

**141. দ্বিতীয় শ্রেণীর কিছু শিক্ষার্থীর কয়েকটি ধ্বনি উচ্চারণে অসুবিধা রয়েছে । নীচের কোন পদ্ধতিটি শিক্ষার্থীর অসুবিধা দূর করার ক্ষেত্রে সর্বাপেক্ষা কার্যকরী ?**

(1) শিক্ষিকার উচিত মানুষের মুখগহ্বরের (mouth) একটি ছাঁচ (model) ব্যবহার করে একটি ধ্বনি সৃষ্টির জন্য যে উচ্চারণ স্থানগুলি ব্যবহৃত হয় তার ব্যাখ্যা করা ।

(2) শিক্ষিকার উচিত দু-একটি কার্যপ্রণালী ব্যবহার করা । যেমন শব্দ সুর করে বলা এবং সম্পূর্ণ শব্দের ধ্বনি সৃষ্টি এবং সনাক্তকরণের যোগ্য করে তোলা ।

(3) পাঠ জোরে পড়া এবং তার অন্তর্গত ধ্বনিগুলির ব্যবহার ব্যাখ্যা করা ।

(4) তাদের বারবার উচ্চারণ ও অভ্যাস করতে দেওয়া যাতে তারা বারবার উচ্চারণ করে এই অসুবিধাগুলি দূর করতে পারে ।

**142. বেশ কিছু উদাহরণের সাহায্যে ব্যাকরণের নিয়মাবলীর উপর বিশেষ জোর দেওয়া হয় যে শিক্ষণ পদ্ধতিতে সেটি হল –**

(1) আরোহী পদ্ধতি (Inductive Method)

(2) অবরোহী পদ্ধতি (Deductive Method)

(3) ব্যাকরণ অনুবাদ পদ্ধতি (Grammar Translation Method)

(4) প্রত্যক্ষ পদ্ধতি (Direct Method)

**143. শিক্ষার্থীরা কীসের সাহায্যে ভাষা অর্জন করে ?**

(1) স্বাভাবিক ভাব বিনিময় সম্পৃক্ত (natural interactive environment) পরিবেশে ভাষা ব্যবহার করে ।

(2) ভাষার গঠনশৈলীর বিশ্লেষণ করে ।

(3) ঐ ভাষার সাহিত্য পাঠ করে ।

(4) ঐ ভাষার বক্তার সংস্কৃতি সম্পর্কে জ্ঞাত হয়ে ।

**144. নীচের কোনটি সূক্ষ্ম চালিকা শক্তির (fine motor skill) বিকাশের উদাহরণ ?**

(1) আরোহণ (climbing)

(2) লম্ফন (hopping)

(3) লিখন (writing)

(4) পঠন (reading)

**145. একটি শ্রেণীকক্ষে বহুভাষিকতার প্রসার করার সময় শিক্ষিকা কোন প্রশ্নটি করবেন ?**

(1) বেলুন কতো উঁচুতে উড়তে পারে ?

(2) তোমার ভাষায় কয়েকটি তরকারির নাম লেখ ।

(3) তোমার কী কোনো পোষা পশু আছে ?

(4) তুমি কী অক্ষরগুলি লিখেছ ?

146. ছড়া নীচের ক্লাসে ব্যবহার করা উচিত। কারণ এগুলি

(1) শিক্ষার্থীকে লক্ষ্য ভাষায় (target language) বলার সুযোগ করে দেয়।

(2) শিক্ষার্থীকে অনুশাসনে রাখে।

(3) শিক্ষার্থীকে লক্ষ্য ভাষার ব্যাকরণ শিখনে সাহায্য করে।

(4) শিক্ষার্থীকে কঠিন শব্দগুলি ব্যাখ্যা করতে এবং তারপর বাক্য গঠনে সাহায্য করে।

147. শিক্ষক স্থির করলেন তিনি ক্লাসে একটি শ্রবণ প্রক্রিয়া **(Listening activity)** করাবেন। শিক্ষার্থীর শ্রবণে আগ্রহ বাড়িয়ে তোলার জন্য তিনি কিছু চিন্তা ভাবনামূলক প্রকল্প/কার্যের পরিকল্পনা করলেন। যেমন কিছু পরীক্ষিত প্রশ্ন যা তাদের আগ্রহ বাড়িয়ে তুলবে এবং আলোচনায় আগ্রহী করে তুলবে। এই আয়োজন কীসের জন্য ?

(1) শ্রবণের পূর্বের কার্যপ্রকল্প। (Pre listening activities)

(2) শ্রবণের সময়ের কার্যপ্রকল্প। (While listening activities)

(3) শ্রবণের পরবর্তী কার্যপ্রকল্প। (Post listening activities)

(4) শ্রবণ কার্যপ্রকল্প অনুসরণ করা।

148. ভাষা শিক্ষার ক্লাসে চিত্র/পোস্টার ব্যবহার সম্পর্কে নীচের কোনটি ঠিক নয় ?

(1) এটি শিশুদের একটি চিত্র পর্যবেক্ষণের সুযোগ করে দেয়।

(2) এটি চিত্রটি সম্পর্কে শিশুদের নিজস্ব ভাবপ্রকাশ এবং লেখার সুযোগ করে দেয়।

(3) এটি শিশু(দের ক্লাসে একটি কল্পনার জগৎ (imaginative world) গড়ে তুলতে এবং সৃজনীশক্তির বিকাশের সুযোগ করে দেয়।

(4) এটি তাদের শ্রবণদক্ষতা বিকাশের সুযোগ করে দেয়।

149. জরুরী স্বাক্ষরতা স্তরে **(Emergent Literacy Stage)** নীচের কোনটি লিখনের অন্তর্ভূক্ত ?

(1) বর্ণমালা রচনা (making letters)

(2) শব্দ লেখা (writing words)

(3) বাক্য রচনা (making sentences)

(4) অঙ্কন (drawing)

150. শিক্ষার্থীর ভাষা ব্যবহারের মূল্যায়নে নীচের কোনটি সর্বাপেক্ষা প্রয়োজনীয় ?

(1) নজর সারণী (check list)

(2) মূল্যনির্ণায়ক মানদণ্ড (rating scale)

(3) পোর্টফোলিও (portfolio)

(4) পারস্পরিক ভাববিনিময় (interaction)

## SPACE FOR ROUGH WORK

**নিম্নলিখিত নির্দেশ গুলি মন দিয়ে পড়ুন :**

1. বিভিন্ন ধরণের প্রশ্নের উত্তর নির্বাচনের জন্য যে নির্দেশ পরীক্ষা পুস্তিকায় দেওয়া রয়েছে, প্রশ্নের উত্তর নির্বাচনের পূর্বে তা মনোযোগ সহকারে পড়ুন ।
2. প্রতিটি প্রশ্নের চারটি বিকল্প উত্তরের মধ্যে সঠিক উত্তর হিসেবে (OMR) উত্তর পত্রে কেবল একটিমাত্র বৃত্তকেই নীল বল পয়েন্ট পেন দিয়ে ভরাট করতে হবে । একবার উত্তর চিহ্নিত করণ হয়ে গেলে, তা আর বদলানো যাবে না ।
3. পরীক্ষার্থীকে অবশ্যই মনে রাখতে হবে যে, উত্তর পত্রটিতে কিছুতেই ভাঁজ ফেলা চলবেনা, অন্য কোনো রকম দাগ লাগানো চলবে না । পরীক্ষার্থী তার ক্রমিক সংখ্যাটি (Roll No.) নির্ধারিত স্থান ছাড়া অন্য কোনোখানেই উল্লেখ করবেন না ।
4. পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্র সাবধানতার সঙ্গে নাড়াচাড়া করবেন । কোনো কারণে তা খারাপ বা নষ্ট হলে দ্বিতীয় পরীক্ষা পুস্তিকা দেওয়া হবে না । (শুধুমাত্র পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্রের কোড নম্বরের মধ্যে অমিল থাকলেই দ্বিতীয় পরীক্ষা-পুস্তিকা দেওয়া হবে ।
5. পরীক্ষার্থী হাজিরা-পত্রে (Attendance Sheet) ঠিক মতো পরীক্ষা পুস্তিকা/উত্তর পত্রে মুদ্রিত পরীক্ষা পুস্তিকার কোড নম্বরটি লিখবেন ।
6. মেশিন কেবলমাত্র উত্তরপত্রে (OMR) দেওয়া সংকেতই পড়তে পারবে । তাই কোন তথ্য অসম্পূর্ণ রাখা চলবে না এবং প্রবেশপত্রে প্রদত্ত তথ্যের সাথে তার কোন পার্থক্য থাকবে না ।
7. পরীক্ষার্থীকে কেবল প্রবেশ পত্র বা Admit Card ছাড়া অন্য কোনো পাঠ্য বস্তু, ছাপা বা হাতে-লেখা, কাগজের টুকরো, পেজার, মোবাইল ফোন, বৈদ্যুতিক উপকরণ বা অন্য কোনো দ্রব্য নিয়ে পরীক্ষা হল-এ ঢুকতে দেওয়া হবে না ।
8. মোবাইল, বেতার যোগাযোগ মাধ্যম (এমনকী নিষ্ক্রিয় করে রাখা মোবাইল) এবং অন্যান্য নিষিদ্ধ বৈদ্যুতিক উপকরণ পরীক্ষাহলে আনা চলবে না । এই নির্দেশ পালন না করলে তাকে অন্যায় আচরণ হিসেবে গণ্য করা হবে এবং যে কোন ব্যবস্থা নেওয়া হবে এমনকী তার পরীক্ষা বাতিল করাও যেতে পারে ।
9. পরীক্ষা-নিরীক্ষক চাইলে পরীক্ষার্থী তার প্রবেশপত্র তাঁকে দেখাবেন ।
10. পরীক্ষা-নিরীক্ষক বা তত্ত্বাবধায়কের অনুমতি ছাড়া পরীক্ষার্থী তার আসন ছেড়ে উঠবেন না ।
11. কর্মরত নিরীক্ষকের হাতে নিজের উত্তর পত্র জমা না দিয়ে এবং হাজিরা পত্রে দুবার স্বাক্ষর না করে পরীক্ষার্থী পরীক্ষার হল্ থেকে বেরোবেন না । যদি কোনো পরীক্ষার্থী হাজিরা পত্রে দ্বিতীয় বার স্বাক্ষর না করেন, তবে এটাই ধরে নেওয়া হবে যে তিনি তাঁর উত্তর পত্র জমা করেন নি - এবং ব্যাপারটিকে দন্ডনীয় অপরাধ হিসেবে গণ্য করা হবে ।
12. ইলেক্ট্রনিক / হস্তচালিত ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ ।
13. পরীক্ষা হলের মধ্যে পরীক্ষার্থী বোর্ড-নির্ধারিত যাবতীয় নীতি-নিয়ম মেনে চলতে বাধ্য । কোনো রকম অনভিপ্রেত আচরণের বিচার ও তার সিদ্ধান্ত বোর্ডের নিয়ম-অধিনিয়ম অনুযায়ীই সম্পন্ন হবে ।
14. কোনো রকম পরিস্থিতিতেই পরীক্ষা পুস্তিকা ও উত্তর পত্রের কোনো অংশ বিচ্ছিন্ন করা চলবে না ।
15. **পরীক্ষা শেষ হলে, পরীক্ষার্থী পরীক্ষা-কক্ষ ছাড়ার আগে তাঁর উত্তর পত্রটি অবশ্যই কক্ষ-নিরীক্ষকের হাতে জমা দেবেন । পরীক্ষা পুস্তিকাটি অবশ্য জমা করার দরকার নেই - পরীক্ষার্থী সেটা নিজের সঙ্গে নিয়ে যেতে পারেন ।**

**निम्नलिखित निर्देशों को ध्यान से पढ़ें :**

1. जिस प्रकार से विभिन्न प्रश्नों के उत्तर दिए जाने हैं उसका वर्णन परीक्षा पुस्तिका में किया गया है, जिसे आप प्रश्नों का उत्तर देने से पहले ध्यान से पढ़ लें ।
2. प्रत्येक प्रश्न के लिए दिए गए चार विकल्पों में से सही उत्तर के लिए OMR उत्तर पत्र के **पृष्ठ-2** पर केवल एक वृत्त को ही पूरी तरह **काले/नीले बॉल पॉइन्ट पेन** से भरें । एक बार उत्तर अंकित करने के बाद उसे बदला नहीं जा सकता है ।
3. परीक्षार्थी सुनिश्चित करें कि इस उत्तर पत्र को मोड़ा न जाए एवं उस पर कोई अन्य निशान न लगाएँ । परीक्षार्थी अपना अनुक्रमांक उत्तर-पत्र में निर्धारित स्थान के अतिरिक्त अन्यत्र न लिखें ।
4. परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र का ध्यानपूर्वक प्रयोग करें, क्योंकि किसी भी परिस्थिति में (केवल परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र के संकेत या संख्या में भिन्नता की स्थिति को छोड़कर) दूसरी परीक्षा पुस्तिका उपलब्ध नहीं करायी जाएगी ।
5. परीक्षा पुस्तिका / उत्तर पत्र में दिए गए परीक्षा पुस्तिका संकेत व संख्या को परीक्षार्थी सही तरीके से हाज़िरी-पत्र में लिखें ।
6. OMR उत्तर पत्र में कोडित जानकारी को एक मशीन पढ़ेगी । इसलिए कोई भी सूचना अधूरी न छोड़ें और यह प्रवेश-पत्र में दी गई सूचना से भिन्न नहीं होनी चाहिए ।
7. परीक्षार्थी द्वारा परीक्षा हॉल/कक्ष में प्रवेश-पत्र के सिवाय किसी प्रकार की पाठ्य-सामग्री, मुद्रित या हस्तलिखित, कागज़ की पर्चियाँ, पेजर, मोबाइल फोन, इलेक्ट्रॉनिक उपकरण या किसी अन्य प्रकार की सामग्री को ले जाने या उपयोग करने की अनुमति नहीं है ।
8. मोबाइल फोन, बेतार संचार युक्तियाँ (स्वीच ऑफ अवस्था में भी) और अन्य प्रतिबंधित वस्तुएँ परीक्षा हॉल/कक्ष में नहीं लाई जानी चाहिए । इस सूचना का पालन न होने पर इसे परीक्षा में अनुचित साधनों का प्रयोग माना जाएगा और उनके विरुद्ध कार्यवाही की जाएगी, परीक्षा रद्द करने सहित ।
9. पूछे जाने पर प्रत्येक परीक्षार्थी, निरीक्षक को अपना प्रवेश-पत्र दिखाएँ ।
10. केन्द्र अधीक्षक या निरीक्षक की विशेष अनुमति के बिना कोई परीक्षार्थी अपना स्थान न छोड़ें ।
11. कार्यरत निरीक्षक को अपना उत्तर पत्र दिए बिना एवं हाज़िरी-पत्र पर दुबारा हस्ताक्षर किए बिना परीक्षार्थी परीक्षा हॉल/कक्ष नहीं छोड़ेंगे । यदि किसी परीक्षार्थी ने दूसरी बार हाज़िरी-पत्र पर हस्ताक्षर नहीं किए, तो यह माना जाएगा कि उसने उत्तर पत्र नहीं लौटाया है और यह अनुचित साधन का मामला माना जाएगा । **परीक्षार्थी अपने बाएँ हाथ के अंगूठे का निशान हाज़िरी-पत्र में दिए गए स्थान पर अवश्य लगाएँ ।**
12. इलेक्ट्रॉनिक / हस्तचालित परिकलक का उपयोग वर्जित है ।
13. परीक्षा हॉल/कक्ष में आचरण के लिए परीक्षार्थी बोर्ड के सभी नियमों एवं विनियमों द्वारा नियमित हैं । अनुचित साधनों के सभी मामलों का फैसला बोर्ड के नियमों एवं विनियमों के अनुसार होगा ।
14. किसी हालत में परीक्षा पुस्तिका और उत्तर पत्र का कोई भाग अलग न करें ।
15. **परीक्षा सम्पन्न होने पर, परीक्षार्थी हॉल / कक्ष छोड़ने से पूर्व उत्तर पत्र कक्ष-निरीक्षक को अवश्य सौंप दें । परीक्षार्थी अपने साथ इस परीक्षा पुस्तिका को ले जा सकते हैं ।**

**READ THE FOLLOWING INSTRUCTIONS CAREFULLY:**

1. The manner in which the different questions are to be answered has been explained in the Test Booklet which you should read carefully before actually answering the questions.
2. Out of the four alternatives for each question, only one circle for the correct answer is to be darkened completely with **Black/Blue Ball Point Pen** on **Side-2** of the OMR Answer Sheet. The answer once marked is not liable to be changed.
3. The candidates should ensure that the Answer Sheet is not folded. Do not make any stray marks on the Answer Sheet. Do not write your Roll No. anywhere else except in the specified space in the Answer Sheet.
4. Handle the Test Booklet and Answer Sheet with care, as under no circumstances (except for discrepancy in Test Booklet Code or Number and Answer Sheet Code or Number), another set will be provided.
5. The candidates will write the correct Test Booklet Code and Number as given in the Test Booklet / Answer Sheet in the Attendance Sheet.
6. A machine will read the coded information in the OMR Answer Sheet. Hence, no information should be left incomplete and it should not be different from the information given in the Admit Card.
7. Candidates are not allowed to carry any textual material, printed or written, bits of papers, pager, mobile phone, electronic device or any other material except the Admit Card inside the examination hall/ room.
8. Mobile phones, wireless communication devices (even in switched off mode) and the other banned items should not be brought in the examination halls/ rooms. Failing to comply with this instruction, it will be considered as using unfair means in the examination and action will be taken against them including cancellation of examination.
9. Each candidate must show on demand his / her Admit Card to the Invigilator.
10. No candidate, without special permission of the Centre Superintendent or Invigilator, should leave his / her seat.
11. The candidates should not leave the Examination Hall/ Room without handing over their Answer Sheet to the Invigilator on duty and sign the Attendance Sheet twice. Cases where a candidate has not signed the Attendance Sheet second time will be deemed not to have handed over the Answer Sheet and dealt with as an unfair means case. **The candidates are also required to put their left hand THUMB impression in the space provided in the Attendance Sheet.**
12. Use of Electronic / Manual Calculator is prohibited.
13. The candidates are governed by all Rules and Regulations of the Board with regard to their conduct in the Examination Hall/Room. All cases of unfair means will be dealt with as per Rules and Regulations of the Board.
14. No part of the Test Booklet and Answer Sheet shall be detached under any circumstances.
15. **On completion of the test, the candidate must hand over the Answer Sheet to the Invigilator in the Hall / Room.** ***The candidates are allowed to take away this Test Booklet with them.***